

AKASHVANI(Kolkata)

Regional News Unit

Date: 02-01-2026

Desk in Charge:- SDG

Time: 7-50 PM

Compiling :- N.B.R.

DEO: KB

NRT : N.B.R.

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবর -

১/ রাজ্য SIR -এর প্রথম পর্বে এখনো পর্যন্ত প্রায় ৩ লক্ষ ৩৩ হাজার ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে।

২/ ত্রুটি কংগ্রেসের মদতেই ১০০ দিনের কাজ সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে টাকা লুট হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। # পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা সম্পূর্ণরূপে ভেঙে পড়েছে কেন্দ্রীয় বিজেপি নেতৃত্বের দাবী।

৩/ পুরনিয়োগ দুর্নীতি মামলায় আলিপুর বিশেষ আদালতে চূড়ান্ত চার্জশিট জমা দিয়েছে সিবিআই।

৫/ সুপ্রীম কোর্টের নির্দেশ সত্ত্বেও, RG KAR মেডিক্যাল কলেজে পোস্টিং না পাওয়ায় চিকিৎসক অনিকেত মাহাতো, রাজ্য সরকারের সিনিয়র রেসিডেন্টশিপ ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন।

৬/ উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় আগামী তিন দিনে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি বা হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে।

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার শুনানি পর্ব চলেছে। প্রথম পর্বে শুনানির জন্য চিহ্নিত ৩২ লক্ষ আনম্যাপড ভোটারের মধ্যে প্রায় ৩ লক্ষ ৩০ হাজার ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে জানা গিয়েছে।

প্রায় ২০ লক্ষ ৫ হাজার নোটিশ ইতমধ্যেই ভোটারদের হাতে পৌঁছে গিয়েছে। মোট ৩০ লক্ষ ২০ হাজার শুনানির নোটিশ পাঠানো হবে।

সাড়ে চার হাজারের বেশি মাইক্রো অবজারভারের কড়া নজরদারিতে রাজ্য জুড়ে মোট ৩,২৩৪ টি কেন্দ্রে শুনানি চলছে।

নির্বাচন কমিশনের পক্ষ থেকে বিশেষ দল পাঠিয়ে প্রাক্তন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী, প্রবীণ সিপিএম নেতা কান্তি গাঙ্গুলির বাড়িতেই SIR-এর শুনানি করা হয়েছে। নোটিশ পাওয়ার পর তিনি নিজে বিডিও অফিসে গিয়ে শুনানিতে অংশ নিতে চেয়েছিলেন। তবে বার্ধক্যজনিত শারীরিক অসুবিধার কথা মাথায় রেখে নির্বাচন কমিশনের পক্ষ থেকে বাড়িতেই তা আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়। আজ দুপুর ১টা ৪৫ মিনিট নাগাদ দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘির মথুরাপুর-২ নম্বর ব্লকের কুমড়োপাড়া এলাকায় তাঁর বাড়িতে পৌঁছায় নির্বাচন কমিশনের দল।

SIR প্রক্রিয়ায় LIC অফিসারদের নিযুক্তি নিয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়েছে। LIC-র ডেভেলপমেন্ট অফিসারদের SIR প্রক্রিয়া থেকে বাদ দেওয়ার আবেদন জানানো হয়েছে। গোটা প্রক্রিয়া চলাকালীন LIC কাজ থেকে বিরত থাকলে DO বা ডেভেলপমেন্ট অফিসারদের একাধিক সমস্যায় পড়তে হবে। ফলে তাদের আর্থিক ক্ষতি হবে বলে দাবী। সে কারণেই SIR-এর কাজ

থেকে অব্যহতি চেয়েছেন তারা। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে আগামী সপ্তাহে মামলার শুনানি হতে পারে।

তৃণমূল কংগ্রেসের মদতেই ১০০ দিনের কাজ সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে টাকা লুট হয়েছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

মালদার চাঁচলে আজ এক জনসভা থেকে রাজ্য সরকারের বিরুদ্ধে সরব হন তিনি। শুভেন্দু বাবু বলেন, আগামী বিধানসভা নির্বাচনে বিজেপি ক্ষমতায় এলে আবাস যোজনায় বরাদ্দের পরিমাণ বাড়ানো হবে। গরীব মানুষের জীবনে প্রকৃত পরিবর্তন আসবে। বাংলায় ভুয়ো জব কার্ড তৈরী করে কেন্দ্রের বরাদ্দকৃত অর্থ ভিন্ন রাজ্যের পাশাপাশি বাংলাদেশীদের কাছে পৌঁছে গেছে বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট- শুভেন্দু /মনরেগা)

শ্রী অধিকারী বলেন, বাংলাদেশী অনুপ্রবেশকারীদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার লক্ষ্যেই SIR করা হচ্ছে। ইতমধ্যেই ৫৮ লক্ষ নাম বাদ গেছে। আগামীদিনে আরো নাম বাদ যাবে বলে তিনি মন্তব্য করেন। রাজ্যের একাধিক জায়গায় ধর্মীয় কর্মসূচীতে বাধা দেওয়া হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

পশ্চিমবঙ্গে আইনশৃঙ্খলা সম্পূর্ণরূপে ভেঙে পড়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। নতুন দিল্লীতে আজ দলের সদর দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে দলের মুখ্যপাত্র গৌরব ভাটিয়া বলেন, তোষণমূলক রাজনীতির কারণেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অনুপ্রবেশকারীদের প্রতি নরম মনোভাব পোষণ করেন। সে-কারণেই, এস আই আর একটি আইনি প্রক্রিয়া হওয়া সত্ত্বেও তিনি এর বিরোধিতা করছেন বলে শ্রী ভাটিয়া মন্তব্য করেন।

(BYTE - GUARAV BHATIA)

পুরনিয়োগ দুর্নীতি মামলায় আলিপুর বিশেষ আদালতে চূড়ান্ত চার্জশিট জমা দিল সিবিআই। এক IAS আধিকারিক জ্যোতিষ্মান চট্টোপাধ্যায় সহ মূল অভিযুক্ত অয়ন শীলের সংস্থার নাম রয়েছে চার্জশিটে। জ্যোতিষ্মান চট্টোপাধ্যায়, ২০১৭ সাল থেকে ১৯ সাল পর্যন্ত পুর ও নগরোন্নয়ন দপ্তরের দায়িত্বে ছিলেন। ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে ডিরেক্টর হিসাবে নিযুক্ত হন তিনি। পুর ও নগরোন্নয়ন দপ্তরের DLB-র হাত ধরেই এই নিয়োগ চূড়ান্ত হয়। তদন্তে নেমে তাঁর বাড়ি থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি উদ্বার হয়। সেই সূত্রেই চার্জশিটে নাম রয়েছে জ্যোতিষ্মানের। এর আগে প্রথম চার্জশিটে নাম ছিল অয়ন শীল ও দক্ষিণ দমদম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পাঁচ রায়ের।

রাজ্য আসন্ন বিধানসভা নির্বাচনে ক্ষমতায় আসার জন্য একযোগে লড়াই করতে হবে বলে, বিজেপির কেন্দ্রীয় কমিটির সদস্য অভিনেতা মিঠুন চক্রবর্তী মত প্রকাশ করেছেন। কোচবিহারে আজ দলের ‘পরিবর্তন সংকল্প সভা’-য় যোগ দিয়ে তিনি বলেন, পশ্চিমবঙ্গে একটি নির্দিষ্ট শ্রেণীর অপশঙ্কি মাথা চাড়া দিচ্ছে। ক্ষমতায় এলে ‘আয়ুষ্মান ভারত’ এরাজ্য চালু করা হবে বলে তিনি জানান।

কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, কৃষকদের আয় বৃদ্ধি, কেন্দ্রীয় সরকারের একটি প্রধান অগ্রাধিকারের বিষয়। নাসিকে তিনি আজ বলেন, কৃষকদের কল্যাণে বেশ কিছু প্রকল্প রূপায়িত হয়েছে। কৃষিক্ষেত্রে মজবুত করার জন্য প্রয়োজনীয় সবরকম প্রয়াস অব্যাহত থাকবে বলে মন্ত্রী আশ্বাস দিয়েছেন।

(বাইট - শিবরাজ সিং চৌহান)

পুরনিয়োগ দুর্নীতি মামলায় আলিপুর বিশেষ আদালতে চূড়ান্ত চার্জশিট জমা দিল সিবিআই। এতে, এক IAS আধিকারিক জ্যোতিষ্মান চট্টোপাধ্যায় সহ মূল অভিযুক্ত অয়ন শীলের সংস্থার নাম রয়েছে চার্জশিটে। জ্যোতিষ্মান চট্টোপাধ্যায়, ২০১৭ সাল থেকে ১৯ সাল পর্যন্ত পুর ও নগরোন্নয়ন দপ্তরের দায়িত্বে ছিলেন। ২০১৮ সালের সেপ্টেম্বর মাসে

ডি঱েল্টের হিসাবে নিয়ন্ত্রণ হন তিনি।

পুর ও নগরোন্নয়ন দপ্তরের DLB-র হাত ধরেই এই নিয়োগ চূড়ান্ত হয়। তদন্তে নেমে তাঁর বাড়ি থেকে বেশ কিছু গুরুত্বপূর্ণ নথি উদ্বার হয়। সেই সূত্রেই চার্জশিটে নাম রয়েছে জ্যোতিষ্মানের। এর আগে প্রথম চার্জশিটে নাম ছিল অয়ন শীল ও দক্ষিণ দমদম পুরসভার প্রাক্তন চেয়ারম্যান পাঁচ রায়ের।

সুপ্রীম কোর্টের নির্দেশের পরেও RG KAR মেডিক্যাল কলেজ ও হাসপাতালের অ্যানাস্ট্রেশনিয়া বিভাগে পোস্টং না পাওয়ায় আরজি কর আন্দোলনের অন্যতম সদস্য ডাঃ অনিকেত মাহাতো, রাজ্য সরকারের সিনিয়র রেসিডেন্সি এস আর শিপ পোস্টং ছেড়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতেই রাজ্য সরকার তার চিকিৎসক পেশাকে শেষ করে দিতে চাইছে। এর প্রতিবাদেই তাঁর এই সিদ্ধান্ত। এই পোস্টং ছাড়তে যে অর্থের প্রয়োজন সাধারণ মানুষের কাছে তার জন্যে সহায়তা চেয়েছেন তিনি।

(বাইট- অনিকেত)

উল্লেখ্য, RG KAR নিয়ে আন্দোলনের মধ্যে গত মে মাসে তাকে রায়গঞ্জ হাসপাতালে পোস্টং দেওয়া হয়। এই সিদ্ধান্তের বিরোধিতা করে তিনি হাইকোর্টের দ্বারা অন্তর্ভুক্ত হয়েছিলেন। এর আগে গতকাল তিনি ‘পশ্চিমবঙ্গ জুনিয়র ডেন্ট্রিস ফ্রন্ট’- এর বোর্ড অফিসে থেকেও ইন্সফা দিয়েছেন।

রাজ্যের একমাত্র চীনা স্কুল দখল করে রাখার অভিযোগে, রাজ্য সরকারের বিরুদ্ধে ক্ষেত্র প্রকাশ করেছে কলকাতা হাইকোর্ট। ২০২৪ সালের আটাই আগস্ট RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও নৃশংস হত্যার পর নিরাপত্তার স্বার্থে সেখানে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। এরপরই রাজ্য সরকার দু'কোম্পানী CISF জওয়ানের থাকার জন্য ট্যাংরার এই স্কুলটিকে বেছে নেয়। নিয়মিত পঠন পাঠন না হওয়াই ছিল এর মূল কারণ। কিন্তু দুমাসের জন্য স্কুল নিয়ে, তা' এখনো

আটকে রাখা হয়েছে বলে অভিযোগ করেছে কর্তৃপক্ষ। একাধিকবার আবেদন নিবেদন সত্ত্বেও কোন কাজ না হওয়ায় রাজ্যকে অবিলম্বে স্কুল ছাড়ার আর্জি জানিয়ে হাইকোর্টের দ্বারা স্থান হয়েছে তারা। আগামী ১৪ই জানুয়ারী রাজ্যকে নিজেদের স্বপক্ষে নথি পেশের নির্দেশ দিয়েছেন বিচারপতি কৃষ্ণ রাও। ওইদিন, সুপ্রিম কোর্টের এ সংক্রান্ত নির্দেশের কপিও রাজ্যকে পেশ করতে হবে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার আজ কলকাতায় মৌলালিতে একটি হাসপাতালে তামাঙ্গা খাতুনের মাকে দেখতে যান ও তার শারীরিক অবস্থার খোঁজখবর নেন। পরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে শুভঙ্কর বাবু বলেন, বিগত কালীগঞ্জ বিধানসভা উপনির্বাচনের শেষ পর্যায়ে বোমার আঘাতে ১০ বছরের স্কুলছাত্রী তামাঙ্গা খাতুনের মৃত্যুর ঘটনায় তামাঙ্গার মা অবসাদে আত্মসমর্পণ হওয়ার চেষ্টা করেন। শারীরিক অবস্থার ক্রমাগত অবনতি হতে থাকায় তাকে কলকাতায় চিকিৎসার জন্য নিয়ে আসা হয়। শুভঙ্কর বাবু বলেন, দুষ্কৃতীরা এখনো সেখানে দাপিয়ে বেড়াচ্ছে, তামাঙ্গার পরিবারকে ক্রমাগত ভূমকির শিকার হতে হচ্ছে বলে অভিযোগ করেন তিনি। তামাঙ্গার খনের ঘটনায় ও অন্যায় অবিচারের বিরুদ্ধে তামাঙ্গার মা লড়াই করবেন বলে জানিয়েছেন শুভঙ্কর বাবু।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেসের বিজয় মিছিল থেকে ছেঁড়া বোমার আঘাতে মৃত্যু হয় তামাঙ্গার। অভিযুক্ত ২৪ জনের মধ্যে এতেদিনে গ্রেপ্তার হয়েছে মাত্র ১০ জন।

উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় আগামী তিন দিনে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি বা হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে। কালিম্পং এবং জলপাইগুড়ি জেলায় রয়েছে হালকা বৃষ্টির সম্ভাবনা।

উল্লেখ্য, উত্তর-পশ্চিম বাংলাদেশ এবং সংলগ্ন হিমালয় পাদদেশীয় এলাকায় বাতাসের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে।

এদিকে, দক্ষিণবঙ্গের ন্যূনতম তাপমাত্রা আগামী দু-তিন দিনে দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩.২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় দুই ডিগ্রি কম। আগামী পাঁচ দিন উত্তরবঙ্গের জেলাগুলিতে এবং আগামী দুদিন দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশা হওয়ার সম্ভাবনা রয়েছে।
